

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড  
প্রশাসন পরিদপ্তর


তারিখ: ২৫ মার্চ ২০২০ খ্রিঃ

প্রশাসনিক আদেশ নম্বর: ১৩/২০২০

**বিষয়: করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণকালীন এবং তৎপরবর্তী সময়ের সংকট উত্তরণে গৃহীতব্য জরুরি পদক্ষেপ।**

করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব এবং বিস্তার মোকাবিলায় গত ২৪-০৩-২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের নির্বাহী পরিচালকমন্ডলীর ০৯/২০২০তম সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ (সভার কার্যবিবরণী সংযুক্ত) গৃহীত হয়েছে:

- ক) পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখ থেকে সকল অভ্যন্তরীণ ফ্লাইট বন্ধ থাকবে।
  - খ) বিপণন ও বিক্রয় পরিদপ্তরের সকল সেলস আউটলেটসমূহ শিফট ডিউটির পরিবর্তে বিদ্যমান জনবল দিয়ে সাধারণ শিফটের মাধ্যমে পরিচালিত হবে, যা ২৬/০৩/২০২০ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।
  - গ) পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত কার্গো বিভাগের নিয়মিত কার্যক্রম চালমান থাকবে; এর জন্য প্রয়োজনীয় কর্মচারীর সংখ্যা সংশ্লিষ্ট পরিচালক নির্ধারণ করবেন।
  - ঘ) অপারেশন্স চালু রাখার স্বার্থে বিমানবন্দরে ন্যূনতম কর্মী নিয়োজিত রাখতে পরিচালক গ্রাহক সেবা / পরিচালক প্রকৌশল প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।
  - ঙ) লন্ডন এবং ম্যানচেস্টার ফ্লাইট পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত স্বাভাবিক সময়সূচিতে পরিচালিত হবে।
  - চ) মার্চ ২০২০ মাস থেকে জুন ২০২০ মাস পর্যন্ত কর্মকর্তা/কর্মচারীদের (পাইলট ব্যতীত) বেতন থেকে উৎসে আয়কর কর্তন না করার পরামর্শ দেয়া হলো।
  - ছ) পরিচালক / মহাব্যবস্থাপক এবং অন্যান্য কর্মকর্তাদের জন্য প্রযোজ্য কর্পোরেট চুক্তির আওতায় মোবাইল অপারেটরের সাথে চুক্তিবদ্ধ ইন্টারনেট প্যাকেজ পরিচালক ও তদুর্ধ্ব ৪ (চার) জিবি এবং মহাব্যবস্থাপক পর্যন্ত ২ (দুই) জিবি বরাদ্দ করার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।
  - জ) প্রকিউরমেন্ট ও লজিস্টিক সাপোর্ট পরিদপ্তর দরদাতা/পার্টির উপর ডিফল্ট চার্জ আরোপ এবং তা' সংগ্রহের ব্যবস্থা করবে।
  - ঝ) বোয়িং ৭৩৭-৮০০-এয়ারক্রাফটের ভাড়াকৃত ইঞ্জিন এস/এন ৮৭৫১৬০ অবিলম্বে ইজারাদাতা (lessor)-এর নিকট ফেরত দিতে হবে।
- ০২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

  
জিয়াউদ্দীন আহমেদ  
পরিচালক প্রশাসন

**বিতরণ:**

- ০১। পরিচালক (সকল), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ।
- ০২। মহাব্যবস্থাপক (সকল)/ অধ্যক্ষ, বিএটিসি/ হিসাব নিয়ন্ত্রক/ চিফ অফ ট্রেনিং/ চিফ অফ টেকনিক্যাল/ চিফ অফ ফ্লাইট সেফটি/ চিফ অফ সিডিউলিং এন্ড প্ল্যানিং/ প্রধান প্রকৌশলী (সকল)/ কোম্পানি সেক্রেটারি/ প্রধান চিকিৎসক।
- ০৩। সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক/ উপ-প্রধান প্রকৌশলী (সকল)/ প্রধান প্রশিক্ষক/ আইটি।
- ০৪। ব্যবস্থাপক, চেয়ারম্যানের সচিবালয়, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড – চেয়ারম্যান, বিমান পরিচালনা পর্ষদ মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৫। ব্যবস্থাপক সমন্বয়, ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৬। সংশ্লিষ্ট ব্যবস্থাপক/ জেলা ব্যবস্থাপক/ স্টেশন ব্যবস্থাপক (সকল), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ।
- ০৭। ইনচার্জ (সকল) প্রশাসনিক সেল-সংশ্লিষ্ট দপ্তর/ পরিদপ্তর/ বিভাগ/ উপ-বিভাগ/ শাখাকে অবহিতকরণপূর্বক সংরক্ষণের জন্য।
- ০৮। নোটিশ বোর্ড।